

116038 - এক মাসের গর্ভবতী নারী তার বাচ্চা নষ্ট করতে চায়; যেহেতু শীঘ্রই তার স্বামী তাকে তালাক দিবে

প্রশ্ন

এক লোকের সাথে আমার বোনের বিয়ে হয়েছে। এ বিয়ের কারণে আমার বোন পরীক্ষায় পড়ে যান। সর্বাধিক জঘন্য পরীক্ষা হচ্ছে এই লোকের নামায না-পড়া এবং স্ত্রীকে প্রহার করা। তাই আমার বোন তার সাথে খুলা করেছে। দুঃখের বিষয় হচ্ছে আমার বোন এই লোকের ঔরশে একটি মেয়ে প্রসব করেছে। এই মেয়েটি তার মায়ের ভীষণ কষ্টের কারণ হয়েছিল। আমার বোন জামাই ঈদের মত প্রতিটি আনন্দের উপলক্ষ্যে মেয়েটিকে নিয়ে যাওয়ার হুমকি দিত। পরবর্তীতে অপর এক লোকের সাথে তার বিয়ে হলো। তখন এই নারীর আসল পরীক্ষা শুরু হল। কারণ লোকটি ছিল মানসিক রোগী। এখন আমার বোন আশংকা করছে যে, তার প্রথম স্বামীর সাথে যে কষ্টটি মোকাবিলা করেছিল সেটির পুনরাবৃত্তি হতে যাচ্ছে। আমার বোন এখন তালাক চাচ্ছে। কিন্তু সে এক মাসের গর্ভবতী। প্রথম মাসের এই বাচ্চাটি নষ্ট করার হুকুম কি?

প্রিয় উত্তর

একজন নারীর ও নারীর পরিবারের কর্তব্য চারিত্রিক ও দ্বীনদারি সন্তোষজনক এমন একজন স্বামী নির্বাচনে সচেষ্টিত হওয়া। এ ক্ষেত্রে মানুষকে জিজ্ঞেস করা, খোঁজ খবর নেয়া, যাচাই বাছাই করা। বাহ্যিক বেশভূষার মাধ্যমে কিংবা দুনিয়ার লোভে পড়ে প্রতারিত না-হওয়া।

এই বোনের জন্য আমরা আল্লাহর কাছে ধৈর্যের দোয়া করি, নেকী লাভের দোয়া করি এবং দোয়া করি যেন আল্লাহ্ তাকে উত্তম কিছু দান করেন।

আমরা তাকে সবার করার উপদেশ দিচ্ছি। হতে পারে আল্লাহ্ তার স্বামীকে সুস্থ করে দিবেন, তার অবস্থা পরিবর্তন করে দিবেন। তালাক নেয়ার চেয়ে সেটি তার জন্য ও তার বাচ্চার জন্য ভাল হবে।

চল্লিশ দিন পূর্ণ হওয়ার আগে গর্ভপাত করার বিষয়টি ফিকাহবিদদের মধ্যে একটি মশহুর মতভেদপূর্ণ বিষয়। ইতিপূর্বে একাধিক প্রশ্নোত্তরে সেটি তুলে ধরা হয়েছে।

আল্লাহই সর্বজ্ঞ।